গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বাগেরহাট।
www.dae.bagerhat.gov.bd

**বিষয় :** **নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী**
তারিখ : ২৯ নভেম্বর, ২০২৩ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট এর প্রশিক্ষণ কক্ষ।
সভাপতি : শঙ্কর কুমার মজুমদার
উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বাগেরহাট।

সভায় উপস্থিত অফিসারবৃন্দ : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান হয়। কোন প্রকার সংশোধনী না থাকায় উহা বিনা সংশোধনীতে দৃঢ়ীকরন করা হয়। অতঃপর নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভায় গত সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি, প্রনোদনা কার্যক্রম, খাদ্য পরিস্থিতি, সার ও বীজের মজুদ পরিস্থিতি, রাজস্ব খাতসহ বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী, প্রশিক্ষণ, মাঠ দিবস এর অগ্রগতি এবং খরিপ-১ মৌসুমে বিভিন্ন ফসলের আবাদ অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা ও সর্বসম্মত নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | **রোপা আমনঃ** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট সভায় রোপা আমন ধানের স্তর ও শস্য কর্তন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. নির্দেশনা মোতাবেক রোপা আমন ধানের কর্তন জাতওয়ারী করতে হবে।<br>২. ফসল কর্তনে বিবিএস এর সাথে সমন্বয় করে কার্যক্রম চালাতে হবে এবং নির্ধারিত কর্তন ফরমের কপি উপজেলায় সংরক্ষণ করতে হবে।<br>৩. উপজেলাভিত্তিক ফসল কর্তনের তারিখ নির্ধারণ করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে, যাতে জেলা পর্যায়ের কর্মকর্তাগণ ফসল কর্তন অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেন।<br>৪. ফসল কর্তনের ছবি সংরক্ষণ করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ২ | **রবি শস্য আবাদ :**সভায় রবি শস্য (শাক-সবজি, সরিষা, মশুর, খেসারী, সূর্যমুখী ইত্যাদি) সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. বেসরকারী কোম্পানী কর্তৃক বাজারে সরবরাহকৃত বীজের তথ্য সংগ্রহ করতে হবে।<br>২. উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কর্তৃক রবি শস্য আবাদের প্রযুক্তিসমূহ কৃষকদের অবহিত করবেন।<br>৩. রবিশস্য আবাদে কোন সমস্যা হলে সংগে সংগে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br>৪. রবি পরিকল্পনা মোতাবেক রবি ফসল বাস্তবায়নে সর্বাত্রক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৩ | **সার সংক্রান্তঃ** সভায় সার সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. ইউরিয়া ও নন-ইউরিয়া সার অপচয়, পাচার বা সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মূল্যে যাতে সার বিক্রয় না হয় সেদিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী সতর্ক দৃষ্টি রাখার সহ মনিটরিং কার্যক্রম জোরদার করবেন।<br>২. সমুদয় নন-ইউরিয়া সার (টিএসপি,এমওপি ও ডিএপি সার) উত্তোলনের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৩. ডিলারগণকে বরাদ্দকৃত সমুদয় সার উত্তোলনের নির্দেশনা প্রদান করতে হবে।<br>৪. ডিলারকর্তৃক সার উত্তোলনের পরপরই এ্যারাইভাল রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে।<br>৫. সার উত্তোলন ও বিতরণ রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>৬. লাল শালুতে সারের বাজার মূল্য লিখে টাংগানোর ব্যবস্থা নিতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪ | **বালাই ব্যবস্থাপনা ঃ** সভায় পোকামাকড়ের আক্রমন ও দমন এর জন্য নিয়মিত মাঠ পরিদর্শন করে প্রতিবেদন (সার্ভিলেন্স ও পাক্ষিক) নির্ধারিত সময়ে দাখিল এবং সার, কীটনাশকের ভেজাল প্রতিরোধে নমুনা সংগ্রহ ও আইনগত ব্যবস্থা গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. পাক্ষিক পোকামাকড় দমনের প্রতিবেদন এবং সার্ভিলেন্স প্রতিবেদন নির্ধারিত তারিখ (প্রতি মঙ্গলবার) ডিডিএই অফিস, বাগেরহাট প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. পোকামাকড় দমনের জন্য স্কোয়াড গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. ভেজাল বালাইনাশক ও সার বাজারজাতকরণ রোধে নিয়মিত নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে নির্বাহী ম্যাজিষ্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৫ | **কৃষি প্রনোদণা/কৃষি পুনর্বাসণ ঃ** সভায় রবি/২০২১ মৌসুমে বিভিন্ন প্রনোদনা/পুনর্বাসন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. নির্দেশনা ও নির্ধারিত সময় অনুযায়ী কৃষি প্রণোদনা/কৃষি পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৬ | **জেলার বীজ উৎপাদন পরিস্থিতিঃ** সভায় মৌসুম অনুযায়ী বীজের জাতভিত্তিক চাহিদা, উৎপাদন ও সংরক্ষণ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. চাষী পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প সহ অন্যান্য প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনীর বীজ নীতিমালা অনুযায়ী সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>২. সংরক্ষিত বীজের জাতওয়ারী তথ্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>৩. বঙ্গবন্ধু ১০০ ধানের বীজ বিআরআরআই হতে সংগ্রহ ও প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>৪. আমদানীকৃত খাবার আলু যাতে বীজ আলু হিসেবে ব্যবহৃত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৭ | **ভেজাল সার সংক্রান্ত ঃ** সভায় ভেজাল সার বাজারজাতকরণ রোধে কর্মতৎপরতা বৃদ্ধি এবং গৃহিত ব্যবস্থা সম্পর্কিত অগ্রগতি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. ইউরিয়া ও টিএসপি ছাড়াও অন্যান্য সারগুলো পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. পরীক্ষার রিপোর্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।<br>৩. এক শ্রেনীর অসাধু ব্যবসায়ী ভেজাল সার বাজারজাতকরণের অপচেষ্টায় লিপ্ত থাকার কারনে সাধারণ কৃষকগণ ক্ষতিগ্রস্থ হতে পারেন এবং ফসলের উৎপাদনশীলতা কমে যেতে পারে বিধায় ভেজাল সার বাজারজাত রোধে নিয়মিত শক্তিশালী মনিটরিং কার্যক্রমসহ প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৮ | **প্রকল্পের কার্যক্রম ঃ** সভায় বাগেরহাট জেলায় চলমান প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। | ১. প্রদর্শনীর স্থান নির্দেশনা অনুযায়ী নির্বাচন করতে হবে।<br>২. একই কৃষক যাতে বার বার প্রদর্শনী না পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>৩. বিভাগীয় নির্দেশনা অনুযায়ী প্রদর্শনী, প্রশিক্ষণ, মাঠ দিবস বাস্তবায়ন করতে হবে।<br>৪. বিগত বছরের প্রদর্শনীর বীজ রাজস্ব প্রকল্পের ফলো আপ প্রদর্শনীতে বীজ সহায়তা দিতে হবে।<br>৫. ফসলের স্তরভিত্তিক ছবি প্রেরণ করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৯ | **ফসলে সুষম সার ব্যবহারঃ** সভায় ফসলে সুষম মাত্রায় সার ব্যবহার সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. ধানসহ অন্যান্য সকল ফসলে সুষম মাত্রায় সার ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২. সুষম সার ব্যবহারের অগ্রগতির প্রতিবেদন ডিডিএই অফিসে দাখিল করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০ | **আইসিটি সংক্রান্ত ঃ** সভায় আইসিটি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. উপজেলার ওয়েব পোর্টাল হালনাগাদ শতভাগ নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে ছকপত্র মোতাবেক প্রতিবেদন দাখিল করতে হবে।<br>২. ওয়েব পোর্টালে সিজিটেন চার্টার ও অর্গানোগ্রাম সংযুক্ত করতে হবে।<br>৩. সকল দপ্তরে ই-নথি সিষ্টেমে প্রবেশ করানোসহ স্ব উদ্যোগে নোট তৈরি ও পত্র জারি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. দাপ্তরিক ই-মেইল নীতিমালা অনুযায়ী সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরিক ই-মেইল প্রতিদিন নিয়মিত চেক করতে হবে।<br>৫. অভিযোগ প্রতিকার বিষয়ে ষ্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা নিয়মিত করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ১১ | **এপিএ ঃ** সভায় এপিএ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. নতুন নির্দেশনা মোতাবেক এপিএ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>২. নতুন নির্দেশনা মোতাবেক এপিএ এর প্রমানক দাখিল করতে হবে। | ইউএও (সকল), এইও (সকল), বাগেরহাট জেলা। |
| ১২ | **ইনোভেশন ঃ** সভায় ইনোভেশন প্রস্তুত এবং বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. ইনোভেশন প্রস্তুতপূর্বক কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>২. ইনোভেশন সম্পর্কে নির্দিষ্ট একটি নথি তৈরী করতে হবে।<br>৩. ইনোভেশনের অগ্রগতির প্রতিবেদন নিয়মিত ডিডিএই অফিসে প্রেরণ করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ১৩ | **বিবিধ ঃ** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট সভায় পৌষ মাসের করণীয়, প্রতিদিন মেইল চেক করা, বিশেষ কর্মসূচি গ্রহণ, উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়ন, কৃষি যন্ত্রপাতি ব্যবহার, অফিস ব্যবস্থাপনা, কার্যক্রমের ছবি সংরক্ষণ, আধুনিক বীজতলা তৈরী, WhatsApp সচল রাখা, কর্পোরেট সীম চালুকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ১. পৌষ মাসে করণীয় বিষয়ে প্রদত্ত লিফলেট প্রস্তুত পূর্বক কৃষকদের মাঝে বিতরনের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>২. প্রতিদিন মেইল চেক করতে হবে।<br>৩. ডিএই'র কার্যক্রমের ছবি সংরক্ষণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>৪. কৃষি যন্ত্রপাতি ব্যবহার (ব্রিকেট মেশিন, পাওয়ার টিলার, ট্রাক্টর, বেডপ্লানটার, রাইচ ট্রান্সপ্লানটার, গুটি ইউরিয়া এপ্লিকেটর, কম্বাইন্ড হারভেস্টার, রিপার, পাওয়ার থ্রেসার, পাওয়ার স্প্রেয়ার ইত্যাদি) রেজিস্টারে সংরক্ষণপূর্বক নিম্নস্বাক্ষরকারী দপ্তরে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>৫. বোরো ধানের শতভাগ জমিতে আদর্শ বীজতলা তৈরী করতে হবে এবং এ ব্যাপারে মনিটরিং জোরদার করতে হবে।<br>৬. উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>৭. সকল ফসলের উৎপাদন হার সঠিকভাবে নিরুপন করতে হবে।<br>৮. WhatsApp সচল রাখা এবং কর্পোরেট সীম চালুকরণ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |

সভায় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট জেলার কৃষি বিষয়ক কার্যক্রম গতিশীল ও ফলপ্রসু করার ওপর গুরুত্বারোপ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
শঙ্কর কুমার মজুমদার
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বাগেরহাট

**স্মারক নং-১২.১৭.০১০০.০৩৯.০০৬.০০১.২৩.**১২৪০(১৯)

**তারিখ ঃ ৩০/১১/২০২৩ খ্রিঃ।**

**অনুলিপি:**

**সদয় জ্ঞাতার্থে**

০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।

**কার্যার্থে ঃ**

০৪। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
০৫। অতিরিক্ত উপপরিচালক (উদ্যান/পিপি), অত্র দপ্তর।
০৬। উপজেলা কৃষি অফিসার, ----------------------------- (সকল), বাগেরহাট।
০৭। কৃষি প্রকৌশলী, অত্র দপ্তর।
০৮। উন্নয়ন/সংস্থাপন/হিসাব/গুদাম শাখা, অত্র দপ্তর।

৩০/১১/২৩

শঙ্কর কুমার মজুমদার
উপপরিচালক
ফোন: ০২৪৭৭৭৫১৫৪৯
ddbagerhat@dae.gov.bd

F:\Metting\বিভাগীয় মাসিক সভার রেজুলেশন\রেজুলেশন\2023.docx